

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ আগস্ট ২০২২ খ্রি.

চসিকের ভ্রাম্যমান আদালত বিভিন্ন অপরাধে  
১৮ ব্যক্তিকে ৮৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর বহদরহাট মোড়, বহদরহাট কাঁচা বাজার গলি, এশিয়ান হাইওয়ের বহদরহাট থেকে মুরাদপুর এবং ২নং গেইট থেকে জিইসি পর্যন্ত সড়কের উভয় পার্শ্বের ফুটপাথ, নালা ও রাস্তা দখল করে দোকানের অংশ বর্ধিত করায় এবং ফুটপাথ ও রাস্তায় দোকানের মালামাল রেখে পথচারীসহ যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৫০টি অবৈধ দোকানপাট, স্থাপনা ও স্ল্যাব উচ্ছেদ সহ বিভিন্ন অপরাধে ৮ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৭২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর দেওয়ানহাট মোড় হতে কদমতলী পর্যন্ত ডিটি রোডে পরিচালিত অভিযানে রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল ও নির্মান সামগ্রী রাখার দায়ে ৯ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২ হাজার ৫ শত টাকা জরিমানা আদায় করা হয়। আদালত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ১ ব্যক্তিকে ৩ হাজার টাকা জরিমানা আদায় করে। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩